**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**১) কেন্দ্রীয় মন্ত্রিসভা 'এক দেশ, এক নির্বাচন' বিল অনুমোদন করেছে।**

**২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা বলেছেন ত্রিপুরা রাজ্যের গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করতে প্রাণী সম্পদের ভূমিকা অনস্বীকার্য।**

**৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, জল জীবন মিশন দেশের মহিলাদের ক্ষমতায়নকে ত্বরান্বিত করছে।**

**৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা আজ এন এস আর সি সি'তে ৬৮তম জাতীয় স্কুল জুডোর অনূর্ধ্ব ১৭ বছরের মেয়েদের আসরের উদ্বোধন করেন।**

*******************************************

**One Nation, One Election :**

কেন্দ্রীয় মন্ত্রিসভা 'এক দেশ, এক নির্বাচন' বিল অনুমোদন করেছে, যার লক্ষ্য সারা দেশে একযোগে নির্বাচন করা। জানা গেছে যে বিলটি আগামী সপ্তাহে সংসদে পেশ করা হতে পারে। উল্লেখ্য, প্রাক্তন রাষ্ট্রপতি রাম নাথ কোবিন্দের সভাপতিত্বে গঠিত উচ্চ পর্যায়ের কমিটি রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে দেখা করে গত ১৪ই মার্চ এক দেশ এক নির্বাচন সংক্রান্ত প্রতিবেদন পেশ করে। এদিকে, প্রাক্তন রাষ্ট্রপতি শ্রী কোবিন্দ বলেছেন, দেশের স্বার্থে এক দেশ এক নির্বাচনের সিদ্ধান্ত গুরুত্বপূর্ণ।

*******************************

**CM-Nalchar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ সিপাহীজলা জেলার নলছড়ে দশমীঘাট মাঠে নলছড় বিধানসভা এলাকার ৩০০০ সুবিধাভোগীর মধ্যে বিভিন্ন সরকারি সুবিধা প্রদান, বিধায়ক উন্নয়ন তহবিল থেকে একটি এম্বুলেন্স ও স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে মোবাইল টেস্টিং ভ্যানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের গ্রামীণ এলাকার জনগণের জীবনযাত্রার মান উন্নত করাই রাজ্য ও কেন্দ্রীয় সরকারের মুখ্য উদ্দেশ্য।

#########Byte######

#########Voiceover Abhijit ######

********************************

**CM-Bhattapukur :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন বর্তমানে ক্লাবগুলি সামাজিক দায়িত্ব পালনে অগ্রণী ভূমিকা পালন করছে। আজ আগরতলার ভট্টপুকুরে শুকতারা সংঘের নতুন পাকা ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি রাজ্যের সার্বিক উন্নয়নে রাজ্য সরকারের গৃহীত উদ্যোগ সম্পর্কে বিস্তারিত উল্লেখ করেন। অনুষ্ঠানে বিধায়িক মীনা রাণী সরকারও বক্তব্য রাখেন।

******************************

**Bikash Debbarma :**

উপজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা আজ মোহনপুর মহকুমার লেফুঙ্গা ব্লকের গামছাকোবরায় মেগা প্রশাসনিক শিবিরের উদ্বোধন করেন। এই শিবিরে পিআরটিসি, জন্ম-মৃত্যুর শংসাপত্র, বিবাহ নিবন্ধীকরনের শংসাপত্র সুবিধাভোগীদের মধ্যে প্রদান করা হয়।

***************************

**TRBT Notification :**

টিচার্স রিক্রুটমেন্ট বোর্ড অর্থাৎ টি.আর.বি.টি ১ হাজার ৫৬৬ শিক্ষক নিয়োগের জন্য আজ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। এর মধ্যে অস্নাতক শিক্ষকের ১ হাজার ৯৯টি পদ ও স্নাতক শিক্ষকের ৪৬৭টি পদে নিয়োগ করা হবে। টিআরবিটি'র বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আগামী চৌঠা জানুয়ারী থেকে ১০ই জানুয়ারী পর্যন্ত অনলাইনে আবেদনপত্র গ্রহণ করা হবে।

*****************************

**Sushanta Chowdhury :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ জম্পুইহিলে সর্বোচ্চ শৃঙ্গ বেতলিংশিব ও ইডেন ট্যুরিস্ট লজ পরিদর্শন করেন। পরিদর্শনকালে মন্ত্রী শ্রী চৌধুরী দেশ বিদেশের পর্যটকদের সুবিধার্থে স্থানগুলি কিভাবে আরো আধুনিক ও উন্নতমানের করা যায় এনিয়ে আধিকারিকদের সঙ্গে আলোচনা করেন। সেখানে উপস্থিত ছিলেন পর্যটন সচিব উত্তম কুমার চাকমা, পর্যটন অধিকর্তা প্রশান্ত বাদল নেগী, কাঞ্চনপুরের মহকুমা শাসক।

*************************

**Koushal Mela :**

আজ গোমতি জেলার টেপানিয়া ব্লকের ধজনগর কমিউনিটি হলে দীনদয়াল উপাধ্যায় কৌশল মেলা অনুষ্ঠিত হয়। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের উদ্যোগে আয়োজিত এই মেলার উদ্বোধন করেন টেপানিয়া ব্লকের বিডিও দিব্যাশ্রী দাশগুপ্ত। বেকার যুবক যুবতীদের প্রশিক্ষণ ও কাজের সুযোগ দেবার উদ্দেশ্যেই এই মেলা। এতে আজ বিভিন্ন স্ব-সহায়ক গোষ্ঠির দিদিদের উপস্থিতি ছিল লক্ষণীয়। লাখপতি দিদিদের স্বাবলম্বী হয়ে রোজগার করার পথ দেখাবার অন্য তম উদ্দেশ্য রয়েছে এই মেলায়।

****************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Jal Jeevan Mission :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, জল জীবন মিশন দেশের গ্রামাঞ্চলে মহিলাদের ক্ষমতায়নকে আরোও বৃদ্ধি করছে। তিনি আজ নিজের এক্স হ্যান্ডেলে একটি ভিডিও পোস্ট করে একথা উল্লেখ করেছেন। প্রধানমন্ত্রী বলেন, বাড়িতে বাড়িতে পরিশ্রুত পানীয় জল পাবার ফলে মহিলারা এখন দক্ষতা উন্নয়ন এবং আত্মনির্ভরতার দিকে নজর দিতে পারছেন।

****************************

**PM, Ujjwala :**

সরকার আজ জানিয়েছে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার দ্বিতীয় পর্বে ২০২৩- ২৪ থেকে ২০২৫-২৬ অর্থবছরে দেশে ১ কোটি ৬০ লক্ষ এলপিজি সংযোগ দেওয়া হয়েছে।

লোকসভায় একটি প্রশ্নের লিখিত উত্তরে, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস প্রতিমন্ত্রী সুরেশ গোপী জানান যে ২০২৫-২৬ এর নির্ধারিত করা লক্ষ্যমাত্রা এই বছরের জুলাই মাসে অর্জিত হয়েছে। তিনি উল্লেখ করেন যে উজ্জ্বলা যোজনা ২০১৬ সালের

মে মাসে সারাদেশের দরিদ্র পরিবারের মহিলাদের আমানত-মুক্ত এলপিজি সংযোগ দেওয়ার লক্ষ্যে চালু করা হয়েছিল।

****************************

**Child Marriage-Khowai :**

চলতি বছরে খোয়াই মহকুমা প্রশাসন ও মহিলা থানার যৌথ অভিযানে খোয়াই মহকুমার বিভিন্ন স্থানে মোট ১৮টি বাল্যবিবাহ বন্ধ করা হয়েছে। খোয়াই মহিলা থানার ওসি মিনা দেববর্মা জানিয়েছেন, পুলিশের প্রয়াস কর্মসূচি, প্রশাসনের "চেষ্টা" প্রকল্প নিয়ে খোয়াই মহকুমা জুড়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার অভিযান চালানো হচ্ছে। এই প্রচার অভিযানকালে বাল্য বিবাহের বিরুদ্ধে জনগণকে সচেতন করা হচ্ছে।

****************************

**Blood Donation-Khowai :**

খোয়াই দশরথ দেব মেমোরিয়াল কলেজের এন-এস-এস ইউনিটের উদ্যোগে  এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। কলেজের ৩০ জন ছাত্রছাত্রী স্বেচ্ছায় রক্তদান করেন। উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়, খোয়াই দশরথ দেব মেমোরিয়াল কলেজের অধ্যক্ষ খোকন মজুমদার।

****************************

**National Lok Adalat :**

আগামী ১৪ই ডিসেম্বর রাজ্যে এবছরের চতুর্থ জাতীয় লোক আদালত বসবে। এই লোক আদালতে নিষ্পত্তির জন্য ১৮ হাজার ৫৪টি মামলা তোলা হবে। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী আজ সাংবাদিকদের এখবর জানান। তিনি জানান, ত্রিপুরা হাইকোর্ট ছাড়াও রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালতে জাতীয় লোক আদালতের বেঞ্চ বসবে।

****************************

**Flight cancelled :**

ঘন কুয়াশার কারণে আজ আগরতলা থেকে দুটো বিমান বাতিল করা হয়। আগরতলা এম বি বি বিমানবন্দরের এক মুখপাত্র জানান, আগরতলা -ইম্ফল-কলকাতার মধ্যে চলাচলকারী ইন্ডিগো বিমান সংস্থার একটি বিমান ও এয়ার ইন্ডিয়া এক্সপ্রেসের কলকাতা-আগরতলা-কলকাতা বিমানটি রুটে একটি বিমান বাতিল করা হয়েছে।

****************************

**National School Judo :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন জুডো খেলায় শারীরিক সক্ষমতা বাড়ে। এই খেলা শৃংখলা পরায়ণ হতে শেখায়। আজ রাজধানীর এন এস আর সি সি'র ইন্ডোর হল-এ ৬৮তম জাতীয় স্কুল জুডোর অনূর্ধ্ব ১৭ বছরের মেয়েদের আসরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী আরো বলেন প্রতি বছর স্কুল স্তরের জাতীয় আসরে জুডোতে ত্রিপুরা পদক দখল করে চলেছে। এবারের এই আসরেও রাজ্যের খেলোয়াড়েরা আশা করি বেশ কয়েকটি পদক জয় করবে। অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় রাজ্যে আসা বিভিন্ন দলগুলির খেলোয়াড় ও কর্মকর্তাদের স্বাগত জানান। উদ্বোধনী অনুষ্ঠানে পদ্মশ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার সহ ক্রীড়া দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন। উদ্বোধনের পর বিভিন্ন বয়স বিভাগের খেলা শুরু হয়। চারদিন ব্যাপী এই আসর আগামী ১৫ ডিসেম্বর পর্যন্ত চলবে। আসরে ৩১টি রাজ্য ও ইউনিটের প্রায় সাড়ে তিনশ খেলোয়াড় ও কর্মকর্তা অংশ নিয়েছেন।

****************************

**Vijay Merchant :**

বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলা দ্বিতীয় দিনে আজ মিজোরামের বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নিয়েছে ত্রিপুরা। কটকে অনুষ্ঠিত খেলায় গতকালের ১ উইকেটে ২০ রান থেকে ব্যাট করতে নেমে মিজোরাম প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৪১ রান করে। রাজ্যদলের শুভদীপ পাল ৩২ রানে ৪টি উইকেট পায়। ৪৬ রানে এগিয়ে থেকে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ২ উইকেট হারিয়ে ১৫৪ রান করে। এর আগে রাজ্যদল প্রথম ইনিংসে করেছিল ১৮৭ রান। আগামীকাল খেলার শেষ দিন।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিস্কার থাকবে সকালে ঘন কুয়াশা পড়বে। রাজ্যের সব জেলার দু এক জায়গায় অতি ঘন কুয়াশা পড়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২১ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.৮ ডিগ্রি সেলসিয়াস।

*****************************